

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 09.10.2024

Time: 7.35A.M

বিশেষ বিশেষ খবর -

- ১) শারদীয়া দুর্গোৎসবের আজ ষষ্ঠী। তিথি অনুযায়ী গতকালই ষষ্ঠী শুরু হওয়ায় সন্তোষেই বিভিন্ন মন্দিরে হয় দেবীর বোধন। আজ হবে আমন্ত্রণ ও অধিবাস।
- ২) পুজোর দিনগুলিতে বাড়তি ভীড় সামাজ দিতে কলকাতায় আজ থেকে সারা রাত সরকারী বাস পরিমেবা মিলবে।
- ৩) আর জি কর হাসপাতালের তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় আজ ২ মাস অতিবাহিত হচ্ছে। ন্যায় বিচারের দাবিতে আন্দোলনরত চিকিৎসকেরা আজ ষষ্ঠীর দিনেও বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছেন। ধর্মতলায় চলেছে আমরণ অনশন কর্মসূচী।
- ৪) দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে নাবালিকা খুনের তদন্তে ৭ সদস্যের সিট গঠন করেছে রাজ্য সরকার।
- ৫) কৌশিক গাঙ্গুলীর কাবেরী অন্তর্ধান ছবি, জাতীয় চলচিত্র উৎসবে, শ্রেষ্ঠ বাংলা ছবির পুরস্কার পেয়েছে। দাদা সাহেব ফালকে সম্মান দেওয়া হয়েছে বিশিষ্ট কিংবদন্তী অভিনেতা মিঠুন চক্রবর্তীকে।
- ৬) অঙ্কার বুংজো ইস্টবেঙ্গল ফুটবল দলের নতুন কোচ হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

শারদীয়া দুর্গোৎসবের আজ ষষ্ঠী । তিথি অনুযায়ী অবশ্য পঞ্চমী শেষ হয়ে ষষ্ঠী শুরু হয়ে যায় গতকালই । আজ সকালে সপ্তমী তিথিও শুরু হয়ে যাচ্ছে । গত সন্ধ্যাতেই অনেক জায়গাতেই হয় বোধন । আজ সকাল থেকে বেলুড় মঠ সহ বিভিন্ন মণ্ডপে শুরু হয়েছে কল্পারস্ত । সন্ধ্যায় হবে দেবীর আমন্ত্রণ ও অধিবাস ।

এদিকে আনুষ্ঠানিকভাবে পুজো শুরু না হলেও নামকরা মন্ডপগুলিতে উদ্বোধন হয়ে যাওয়ায় ফাঁকায় ফাঁকায় প্রতিমা দর্শনের জন্য গতকাল পঞ্চমীতেই ছিল নজর কাড়া ভিড় । সেইসঙ্গে রাস্তাঘাট, বাস, মেট্রো এবং লোকাল ট্রেনেও ভিড় উপচে পড়ছে ।

আজ ও সকালেই অনেকে বেরিয়ে পড়েছেন ঠাকুর দেখতে । জেলার নামকরা মন্ডপগুলিতে'ও প্রতিমা দর্শনার্থীদের ঢল নেমেছে ।

অন্যদিকে গতকাল অনেক রাত পর্যন্ত শেষ মুহূর্তের কেনাকাটা চলে দোকানে বাজারে ।

এদিকে নবরাত্রির আজ সপ্তম দিন ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পুজোর দিনগুলিতে বাড়তি যাত্রী ভিড় সামাল দিতে কলকাতায় আজ থেকে সারারাত মিলবে সরকারি বাস পরিষেবা । রাজ্যের পরিবহণমন্ত্রী মেহাশিস চক্রবর্তী জানিয়েছেন, অনেকেই জেলা থেকে পুজো দেখতে কলকাতায় আসেন । প্রতিমা ও মণ্ডপ দর্শনের পর যাতে হাওড়া, শিয়ালদহ স্টেশন এবং বারাসতে পৌঁছতে তাঁদের যাতে কোনও সমস্যা না হয় সেই জন্য সারারাত সরকারি বাস পরিষেবা চালু থাকবে । চতুর্থী এবং পঞ্চমী এই দুই দিনই রাজ্যের পরিবহণ নিগমের পক্ষ থেকে ৪০০ অতিরিক্ত বাস চালানো হয় । আজ থেকে পুজোর বাকি দিনগুলিতে দ্বিতীয় অর্ধে বাড়বে বাসের সংখ্যা । পুজোর দিনগুলিতে সরকারি বাসের সংখ্যাও বাড়ানো হচ্ছে ।

সকাল ১০টার পর ধাপে ধাপে বাড়ানো হবে বাস। অতিরিক্ত ইলেকট্রিক বাসও রাস্তায় নামানো হবে। সেই জন্য ওই দিনগুলিতে যাতে বিভিন্ন ডিপোয় চার্জিং স্টেশনগুলি রাত পর্যন্ত খোলা থাকে, সেই নির্দেশও দেওয়া হয়েছে।

এদিকে দুর্গাপুজোয় শহর ও শহরতলির লাখ লাখ যাত্রীর ট্রেন সফর মসৃণ করতে শিয়ালদহ ডিভিশনে বাড়তি লোকাল চলবে। টানা পাঁচদিন মিলবে এই বিশেষ পরিষেবা। মূলত প্রতিমা দর্শনের জন্য বেশি রাতে যাতায়াত করা যাত্রীদের কথা মাথায় রেখে স্পেশাল সার্ভিস চালাবে রেল। এই সময়ে শিয়ালদহ ডিভিশনে মোট ১০ জোড়া পুজো স্পেশাল চলবে। আজ থেকে রবিবার রাত পর্যন্ত যাত্রীরা এই বিশেষ ট্রেন পরিষেবা পাবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

RG Kar হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় আজ দু মাস অতিবাহিত হচ্ছে। এখনও পর্যন্ত এই ঘটনায় কোন কিনারা হয়নি। ন্যায় বিচারের দাবিতে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকেরা আজ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে। আর জি কর হাসপাতালের লেকচার হলে এই উপলক্ষে সকাল ১০-টা থেকে আয়োজন করা হচ্ছে রক্তদান শিবিরের। সেই সঙ্গে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট WBJDF-এর পক্ষ থেকে ষষ্ঠী দিনে আজ গ্রহণ করা হয়েছে অভয়া পরিক্রমা কর্মসূচী। তিলোত্তমা এবং উমার প্রতিকী মূর্তি সামনে রেখে তারা প্যান্ডেলে প্যান্ডেলে প্রতিবাদ কর্মসূচীর ডাক দিয়েছেন। WBJDF-এর পক্ষ থেকে গতরাতে ধর্মতলার অনশন মধ্যে ডক্টর দেবাশিষ হালদার বলেন।

(বাইট - দেবাশিষ -২)

পুলিশের বিভিন্ন বাধা উপেক্ষা করে যেভাবে গতকাল পঞ্চমীতে মহা-মিছিলে সামিল হন অসংখ্য সাধারণ মানুষ এবং তাকে জনজওয়ারে পরিণত করেন, তাতে WBJDF আপ্লুত বলেও ডক্টর দেবাশিষ হালদার জানান।

রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ ৯০ শতাংশ কাজ হয়েছে বলে দাবি করে জুনিয়ার ডাক্তারদের কাজে ফেরার যে ডাক দিয়েছেন, তার সমালোচনা করেন ডাক্তার হালদার।

আর জি কর কান্ডে সঠিক তদন্ত চেয়ে ডাক্তার-নার্সদের তিনটি সংগঠন আজ সিজিও কমপ্লেক্স অভিযানের ডাক দিয়েছে।

মেডিকেল সার্ভিস সেন্টার, সার্ভিস ডক্টর্স ফোরাম ও নার্সেস ইউনিটির পক্ষ থেকে আজ বিকেল তিন-টেয় করণাময়ী মোড়ে জমায়েতের ডাক দেওয়া হয়েছে। তারপর তারা সিজিও কমপ্লেক্স অভিযানে সামিল হবেন।

সিবি আই- এর চার্জশীটে মাত্র একজনের নাম কেন রয়েছে সেই প্রশ্ন তুলে কেন্দ্রীয় সংস্থার দপ্তর অভিযানের সিদ্ধান্ত তাদের।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অন্যদিকে, ১০ দফা দাবিতে ধর্মতলায় আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের আমরণ অনশন কর্মসূচি চলেছে। ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টর ফন্টের সাতজন প্রতিনিধি অনশন করছেন। এর জেরে একাধিক চিকিৎসক অসুস্থ হয়ে পড়েছেন বলে খবর। গতকাল প্রতীকী অনশন করেন রাজ্যের সমস্ত সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালে সিনিয়র ডাক্তার, নার্স এবং স্বাস্থ্য কর্মীরাও। জুনিয়র চিকিৎসকদের সমর্থনে জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টরস- এর তরফেও প্রতীকী অনশনের ডাক দেওয়া হয়।

WBJDF গতকাল কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত মহামিছিলের ডাক দিলেও কলকাতা পুলিশের পক্ষ থেকে অনুমতি মেলেনি বলে খবর। পুজোয় ভিড়ে যানজটের কারণ দেখিয়ে 'মহামিছিলে'র আবেদন খারিজ করা হচ্ছে বলে পুলিশের তরফে ই-মেল করে জানানো হয়। এরপরই মেডিক্যাল কলেজের ৬'নম্বর গেট থেকে ধর্মতলা পর্যন্ত মহামিছিল করার সিদ্ধান্ত হয়।

আন্দোলনৰত জুনিয়াৰ চিকিৎসকদেৱ প্ৰতি সহৰ্মৰ্মিতা জানাতে সিনিয়াৰ চিকিৎসকেৱ একটি দল ধৰ্মতলায় অনশন মঞ্চে গিয়ে তাঁদেৱ হাতে ২'লক্ষ টাকার চেক তুলে দেন।

অন্যদিকে RG Kar-এৱ ঘটনায় দাবী পূৱণ না হওয়ায় ওই মেডিক্যাল কলেজ হাসপাতালেৱ ৫০ জন সিনিয়াৰ চিকিৎসক গতকাল গণইস্তফা দেন। রাজ্যেৰ স্বাস্থ্য শিক্ষা অধিকৰ্ত্তাকে চিঠি দিয়ে তাৰা জানিয়েছেন, আন্দোলনকাৰীদেৱ সমস্ত দাবী পূৱণে সরকাৰ যাতে দ্রুত পদক্ষেপ গ্ৰহণ কৰে।

একই কাৰণে RG Kar-এৱ চেষ্ট ও অন্যান্য কয়েকটি বিভাগেৱ চিকিৎসকৰা'ও আজ গণইস্তফা-ৱ কৰ্মসূচী নিয়েছেন।

অনশনৰত জুনিয়াৰ চিকিৎসকদেৱ স্বাস্থ্যেৰ বিষয়ে গুৱত্ব দিয়ে রাজ্য সরকাৰ অবিলম্বে তাৰেৱ সঙ্গে আলোচনায় না বসলে কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালেৱ সিনিয়াৰ চিকিৎসকৰা'ও আজ গণইস্তফাৰ হঁশিয়াৱি দিয়েছেন।

পুজোৱ মধ্যে সিনিয়াৰ চিকিৎসকদেৱ গণইস্তফাৰ এই সিদ্ধান্তে স্বাস্থ্য পৱিষ্ঠেৰা বিহীনত হতে পাৱে বলে আশংকা কৱা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্ৰেস, আৱ জি কৱ হাসপাতালেৱ বেশ কিছু সিনিয়াৰ ডাক্তাৰদেৱ গণ ইস্তফাৰ র সমালোচনা কৱেছে। দলেৱ নেতা কুনাল ঘোষ গতকাল বলেন, একদিকে উৎসবেৱ মৰণুম অন্যদিকে বন্যা পৱিষ্ঠিতি। এই পৱিষ্ঠিতি তে আৱজিকৰ হাসপাতালেৱ সিনিয়াৰ ডাক্তাৰদেৱ গণ ইস্তফা মানুষকে বিপাকে ফেলাৱ উদ্দেশ্যেই কৱা হয়েছে।

কুনাল বাবু আৱও বলেন, মুখ্য সচিব হাসপাতালেৱ অধ্যক্ষ দেৱ সঙ্গে পৰ্যালোচনা বৈঠক কৱেছেন। এৱপৰও আচমকা সিনিয়াৰ চিকিৎসকদেৱ ইস্তফা য মানুষেৰ দুৰ্ভোগ বাড়বে। অৱাজকতা তৈৱীৱ চেষ্টা কৱাৱ উদ্দেশ্যেই এটা কৱা হয়েছে

বলে তাঁর দাবি । যে পদ্ধতিতে আরজি করের সিনিয়র ডাক্তাররা ইস্তফা দিয়েছেন তা নিয়েও প্রশ্ন তোলেন তিনি ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দশ দফা দাবিতে জুনিয়র চিকিৎসকদের অনশন ও তাদের সমর্থনে আর জি কর এর সিনিয়র চিকিৎসকদের গন ইস্তফার আবহে মেডিক্যাল কলেজ ও হাসপাতালগুলির বর্তমান অবস্থা নিয়ে রাজ্য সরকার আজ আরও এক দফা বৈঠক করে । মুখ্যসচিব মনোজ পন্থ নবান্ন থেকে ভার্চুয়ালি রাজ্যের সব মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ও বিভাগীয় প্রধানদের সঙ্গে বৈঠক করেন । স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম ছাড়াও বৈঠকে আর জি কর এর নতুন অধ্যক্ষ মানস বন্দ্যোপাধ্যায় উপস্থিত ছিলেন । বৈঠক নিয়ে সরকারি ভাবে কিছু জানানো হয়নি ।

তবে, হাসপাতালগুলিতে চিকিৎসা পরিষেবা স্বাভাবিক রাখতে কি ব্যবস্থা নেওয়া যায় তা নিয়ে আলোচনা ছাড়াও কলকাতা ছাড়া অন্যান্য মেডিক্যাল কলেজগুলিতে রান্তিরের সাথী প্রকল্পে চিকিৎসক ও চিকিৎসা কর্মীদের সুরক্ষা এবং নিরাপত্তায় নেওয়া কাজের অগ্রগতি নিয়ে কথা হয়েছে বলে সুন্দেশ খবর ।

এদিকে আর জি কর, ক্যালকাটা ন্যাশনাল মেডিক্যাল কলেজে এই প্রকল্পে সিসিটিভি বসানো, বিশ্রাম কক্ষের সংস্কার সহ প্রায় এক কোটি টাকার কাজের জন্যে পূর্ত দণ্ডের দরপত্র ডেকেছে । ১৫ অক্টোবর পর্যন্ত আবেদন জমা নেওয়া হবে । ১৭ই অক্টোবর তা যাচাই করে দেখা হবে । যে সংস্থা বরাত পাবে তাকে সর্বোচ্চ চার মাসের মধ্যে কাজ শেষ করতে হবে বলে দরপত্রে উল্লেখ করা হয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ চৰিশ পৰগনার জয়নগৱের মহিষমারী কৃপাখালি গ্রামে নাবালিকা খুনের তদন্তে ‘স্পেশাল ইনভেস্টিগেশন টিম’ বা সিট গঠন করেছে রাজ্য সরকার ।

রাজ্য পুলিশের এডিজি দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার গতকাল এই সিট গঠনের কথা ঘোষণা করেন। ৭ সদস্যের এই তদন্তকারী দলের নেতৃত্ব দেবেন বারুইপুরে পুলিশ সুপার পলাশচন্দ্র ঢালি। ইতিমধ্যে পুলিশ খুনের সঙ্গে পক্ষো ধারা যোগ করেছে।

এদিকে নির্যাতিতা ছাত্রীর দেহ গতকাল দুপুরে পরিবারের সদস্যদের সম্মতিতে সমাহিত করা হয়। সোমবার রাতেই ময়নাতদন্তের পর মরদেহ কৃপাখালি গ্রামে নিয়ে যাওয়া হয়। পুলিশ রাতেই দেহ সৎকারের জন্য পরিবারকে চাপ দিতে থাকে। কিন্তু তাতে তাঁরা রাজি হননি। সারারাত দেহ বাড়িতেই রাখা ছিল।

অন্যদিকে গতকালও দিনভর বিক্ষোভে উত্তাল ছিল জয়নগর- কুলতলি। সঠিক বিচারের দাবীতে পথ অবরোধকে কেন্দ্র করে এলাকায় নতুন করে উত্তেজনা ছড়ায়। বারুইপুরের SDPO সেখান দিয়ে মহিষমারি যাওয়ার পথে গ্রামবাসীদের বিক্ষোভের মুখে পড়েন। পুলিশের গাড়ি ভাঙচুর করা হয়। এই ঘটনায় বেশ কয়েকজনকে পুলিশ আটক করেছে।

জয়নগরের সাংসদ প্রতিমা মণ্ডল গতকাল নিহতের পরিবারের সঙ্গে দেখা করতে গেলে আবারও তাঁকে ঘিরে এলাকার মানুষ গো ব্যাক জ্বোগান দিতে থাকেন। পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

গতকাল বিকেল থেকে এলাকায় একাধিক প্রতিবাদ মিছিল বেরোয়।

আজ ষষ্ঠীর দিনেও প্রতিবাদ কর্মসূচি রেখেছেন গ্রামবাসীরা। উল্লেখ্য, ন'বছরের শিশু কন্যার খুন ও ধর্ষণের ঘটনায় একজনকে গ্রেপ্তার করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম ৭০ তম জাতীয় চলচিত্র পুরস্কার প্রদান করেছেন। নতুন দিল্লীতে গতকাল তিনি বিশিষ্ট অভিনেতা মিঠুন চক্রবর্তীকে দাদাসাহেব ফালকে

পুরস্কারে ভূষিত করেন। মিঠুন চক্রবর্তীকে অভিনন্দন জানিয়ে রাষ্ট্রপতি বলেন, অনবদ্য কাজের জন্যই চলচ্চিত্র জগতের সর্বোচ্চ সম্মান তাঁকে দেওয়া হল।

বাংলায় এবার শ্রেষ্ঠ ছবির সম্মান পেয়েছে কৌশিক গাঙ্গুলী পরিচালিত কাবেরী অন্তর্ধান। এছাড়াও প্রোডাকশন ডিজাইনিং বিভাগে পুরস্কার পেয়েছে অনীক দত্ত পরিচালিত ছবি অপরাজিত।

সঙ্গীত পরিচালক হিসেবে প্রীতম চক্রবর্তী এবং অরিজিং সিং, সেরা নেপথ্য কর্তৃশিল্পীর পুরস্কার পেয়েছেন। গোল্ডেন লোটাস অ্যাওয়ার্ড পেলেন চলচ্চিত্র সমালোচক দীপক দুয়া।

'কিশোর কুমার: দ্য আল্টিমেট বায়োগ্রাফি' বইটির জন্য গোল্ডেন লোটাস পুরস্কার পেয়েছেন অনিলকুন্দ ভট্টাচার্য ও পার্থিব ধর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে নতুন রেশন কার্ডের আবেদন জানানোর সময় আধার নম্বর দেওয়া বাধ্যতামূলক করা হচ্ছে। পাঁচ বছরের কমবয়সী শিশুদের শুধু জন্মের শংসাপত্র দিলেই চলবে। কিন্তু ৫ বছরের বেশি বয়সীদের জন্য নতুন রেশন কার্ডের আবেদন করার ক্ষেত্রে আধার কার্ডের নম্বর এবং প্রতিলিপি জমা দেওয়া বাধ্যতামূলক হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পথ দুর্ঘটনায় মৃত্যুকে কেন্দ্র করে গতকাল উক্তপ্ত হয়ে ওঠে দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের সাইহাঁটি এলাকা। পুলিশের ভয়ে পালিয়ে যাওয়ার সময় একজন বাইক আরোহী পথ দুর্ঘটনার কবলে পড়ে। এর জেরেই তাঁর মৃত্যু হয়েছে বলে অভিযোগ। মৃত যুবকের বাড়ি সাইহাঁটি এলাকায়। পরিবারের দাবি, পুলিশের তোলাবাজির কারণেই মৃত্যু হয়েছে ওই যুবকের। পথ দুর্ঘটনার ওই যুবক সহ দুর্ঘটনায় জখম আরও একজনকে স্থানীয় নলমুড়ি ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে আনেন স্থানীয় বাসিন্দারা। সেখানে যাওয়ার পর এক যুবকের মৃত্যু হয়।

এদিকে পথ দুর্ঘটনার খবর ছড়িয়ে পড়তেই এলাকার বাসিন্দারা এসে বাসন্তী হাইওয়ের ঘটকপুর মোড় অবরোধ করে বিক্ষেপ দেখাতে থাকেন। খবর পেয়ে পুলিশে সেই অবরোধ তুলতে গেলে আন্দোলনকারীদের সঙ্গে প্রথমে বচসা এবং পরে ধন্তাধন্তি শুরু হয়ে যায়। এর জেরে তীব্র উত্তেজনা ছড়ায় ঘটকপুর এলাকায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে গিয়ে বেধড়ক লাঠিচার্জ করার অভিযোগ ওঠে পুলিশের বিরুদ্ধে। এই ঘটনার জেরে তীব্র ধানজটের সৃষ্টি হয় ওই এলাকায়।

এই সময় ওই রাস্তা দিয়ে ফিরছিল তৃণমূল বিধায়ক সংকট মোল্লার কনভয়। রাস্তা অবরোধের কারণে তাঁর কনভয়ও আটকে পড়ে। পরে পুলিশ লাঠিচার্জ করে রাস্তা অবরোধকারীদের সরিয়ে দেওয়ার পর বাসন্তী হাইওয়েতে ফের স্বাভাবিক হয় যান চলাচল।

০০০০০০০০০০০০০০০০

আইনশৃঙ্খলা সহ বিভিন্ন থানার পরিকাঠামো সরেজমিনে খতিয়ে দেখতে কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা আজ নতুন ডিভিশন ভাঙড়ে যান। তিনি সেখানে গিয়ে উত্তর কাশীপুর, পোলেরহাট থানা, ডেপুটি কমিশনারের অফিস ছাড়াও বিভিন্ন থানার পুলিশ ব্যারাকের অবস্থা খতিয়ে দেখেন। কথা বলেন আধিকারিকদের সঙ্গে।

গত জানুয়ারি মাসে ভাঙড়কে কলকাতা পুলিশের আওতায় আনার পরে এই ডিভিশনে কতগুলি মামলা হয়েছে, মামলার অগ্রগতি, কারা অশান্তির পরিবেশ সৃষ্টি করছে সেই সব বিষয়েও খোঁজখবর নেন তিনি। তার সঙ্গে ছিলেন অতিরিক্ত পুলিশ কমিশনার দুই শুভক্ষর সিনহা সরকার।

০০০০০০০০০০০০০০০০

বিজেপি, বীরভূমের খয়রাশোলে কয়লা খনিতে বিস্ফোরণের ঘটনায় তদন্তের দাবি জানিয়েছে। দলের রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার গতকাল

সিউড়ি হাসপাতালে গিয়ে বিস্ফোরণে আহতদের সঙ্গে দেখা করে তাদের শারীরিক অবস্থার খোঁজ খবর নেন।

এই ঘটনার জন্য তিনি রাজ্য সরকারকেই দায়ী করেন। পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সুকান্ত বাবু বলেন, এর আগেও বীরভূমে ৮১হাজার জিলেটিন স্টিক উদ্বার হয়েছিল। সেই ঘটনার তদন্ত হচ্ছে। এবারেও বিস্ফোরণে ৮জনের মৃত্যু হয়েছে যা অত্যন্ত উদ্বেগের বিষয়। বীরভূমের মানুষের নিরাপত্তার স্বার্থে সঠিক তদন্ত হওয়া উচিত।

শ্রী মজুমদার আরও জানান, রাজ্য সরকার এই কয়লা খনিটি পরিচালনার দায়িত্ব একটি বেসরকারি সংস্থাকে দিয়েছে। তবে বেসরকারি সংস্থাকে দিয়ে রাজ্য সরকার দায় এড়িয়ে যেতে পারে না। নিয়মিত নিরাপত্তার বিষয়টি খতিয়ে দেখা রাজ্য সরকারের দায়িত্ব থাকলেও সরকার তা করেনি।

অন্যদিকে বিজেপি রাজ্য সভাপতি বলেন, নিহতদের পরিবারের জন্য রাজ্য সরকার আর্থিক সাহায্যের প্যাকেজ ঘোষণা করেছে। আহতদেরও দশ লক্ষ টাকা করে দেওয়ার দাবি জানান তিনি।

এদিকে বীরভূমের সিউড়ির খয়রাশোল কয়লা খাদানে বিস্ফোরণে মৃতদের DNA টেস্টের জন্য নমুনা দুর্গাপুরে পাঠানো হয়েছে। যদিও তাঁদের ময়না তদন্ত হয়েছে সিউড়ির সুপার স্পেশালিটি হাসপাতালেই।

হাসপাতালের সুপার সুব্রত গড়াই জানিয়েছেন, এখনো পর্যন্ত ৬'জনের মৃতদেহ শনাক্ত করা গেছে। বাকি দু জনের পরিচয় জানা যায়নি। সরকারিভাবে ৬'জনের মৃত্যুর খবর জানানো হলেও, বেসরকারি মতে ও পরিবারের পক্ষ থেকে আরো দুজনের মৃত্যু হয়েছে বলে দাবী করা হচ্ছে। এই DNA টেস্টের মাধ্যমেই তাঁদের শনাক্ত করার চেষ্টা চালানো হবে। রিপোর্ট পাওয়ার পরই পরিবারকে দেওয়া হবে আর্থিক সাহায্য।

০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার চাকদার রাউতারির একারপুরে জলে ডুবে তিনটি শিশুর মৃত্যু হয়েছে।
এদের মধ্যে দুজনের বয়স সাত এবং আরেকজনের- একজনের ১০।

আজ সকালে স্থানীয় একটি জলাশয়ে স্নান করতে নামলে এই দুর্ঘটনা ঘটে।
বাড়ির লোকেরা দীর্ঘক্ষণ এদের সন্ধান না পেয়ে খোঁজাখুঁজি শুরু করে। তারপর খুক
দাস নামে এক বালককে পুকুরে ভাসতে দেখা যায়। পরে জাল ফেলে দীপ্তি বিশ্বাস ও
নিশি বিশ্বাস নামে বাকি দুটি শিশুর দেহ উদ্ধার হয়। এর ফলে এলাকায় শোকের
ছায়া নেমে এসেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

অঙ্কার ক্রজো ইস্টবেঙ্গল ফুটবল দলের নতুন কোচ হয়েছেন। গতকাল ক্লাবের
পক্ষ থেকে তাঁর নাম ঘোষনা করা হয়। আইএসএলে টানা তিন ম্যাচে হারের পর
কার্লেস কুয়ান্দ্রাত কোচের পদে ইস্তফা দেন। অস্থায়ী কোচ করা হয়েছিল বিনো
জর্জকে। আইএসএলে চার ম্যাচে হেরে ইস্টবেঙ্গল এখনো পর্যন্ত কোন পয়েন্ট সংগ্রহ
করতে পারেনি।

স্প্যানিশ কোচ ক্রজো দল দ্বারে দাঁড়াবে বলে আশা প্রকাশ করেছেন। তিনি
বলেছেন আইএসএলের পাশাপাশি এ এফ সি প্রতিযোগীতায় ভালো ফল করাই তাঁর
লক্ষ্য।

০০০০০০০০০০০০০০০০০০০০০০